



বর্তমানে প্রাইমারি টেট সংক্রান্ত সব থেকে বিতর্কিত বিষয় হল সুপার টেট । কিছু সংবাদমাধ্যমে সুপার টেট সংক্রান্ত খবর প্রকাশিত হওয়ার পর থেকেই প্রাইমারি টেট প্রার্থীদের মধ্যে বিতর্ক শুরু হয়ে গেছে । এতদিন টেটে উত্তীর্ণ হলেই ইন্টারভিউ দেওয়া যেত । কিন্তু বিভিন্ন খবরে প্রকাশ করা হচ্ছে এবার নাকি টেটের পর আবারও একটি টেট হবে । সেটি হল সুপার টেট । আর এই নিয়েই বিতর্ক দানা বেঁধেছে ।

আদৌ পশ্চিমবঙ্গে সুপার টেট হবে কি , হবে না ! সেটি একটি বড় বিতর্ক হয়ে দাঁড়িয়েছে । কারণ এখনও পর্যন্ত পর্ষদের তরফে কোন বিজ্ঞপ্তি দেওয়া হয়নি । কিন্তু একটি বিষয় লক্ষ্যনীয় প্রাইমারি টেট সংক্রান্ত কোন বিজ্ঞপ্তি প্রকাশিত হলেই পর্ষদ সভাপতি গৌতম পাল মহাশয় দ্রুত প্রতিক্রিয়া দিয়ে থাকেন । কিন্তু সুপার টেট সংক্রান্ত কোন মন্তব্য এখনও তিনি করেন নি । তাই বিতর্ক বলা যায় বেড়েই চলেছে । সুপার টেট হোক বা না হোক , এই সংক্রান্ত তথ্য অবশ্যই সকলের জেনে রাখা দরকার ।

সুপার টেট কি ও কেন ? ( What is Super TET )

এখন প্রথম প্রশ্ন হল সুপার টেট কি ? সহজভাবে বললে এটিকে প্রাথমিক শিক্ষক নিয়োগের একটি ধাপ বলা যেতে পারে । আসলে আমাদের রাজ্যে সুপার টেট না হলেও অন্যান্য রাজ্যে সুপার টেট হয়ে থাকে । উল্লেখ্য উত্তর প্রদেশে প্রাইমারি নিয়োগের ক্ষেত্রে সুপার টেট হয়ে থাকে ।

ধরা গেল টেট পরীক্ষায় প্রচুর সংখ্যায় পরীক্ষার্থী পাশ করলে ইন্টারভিউয়ের পূর্বে আরও একটি টেট নেওয়া হয় । যার নাম সুপার টেট । এবং এর মাধ্যমে পরীক্ষার্থীদের বাছাই করে সংখ্যা কমানো হয় । যাতে ইন্টারভিউ নেওয়া সহজ হয় ।

উদাহরন হিসেবে আমাদের রাজ্যে কথা ধরা যাক । হিসেব অনুযায়ী ২০২২ সালের প্রাথমিকের টেট উত্তীর্ণ হয়েছেন মোট দেড় লক্ষ পরীক্ষার্থী। এই মুহূর্তে ২০১৪ এবং ২০১৭ সালের টেট উত্তীর্ণ চাকরি প্রার্থীদের ইন্টারভিউ প্রক্রিয়া চলছে।যেখানে প্রায় ৪০ হাজার প্রার্থী আবেদন করেছেন । যার মধ্যে ১১ হাজার নিয়োগ করা হবে । সেক্ষেত্রে বাকি থাকলো প্রায় ৩০ হাজার প্রার্থী । এর অর্থ হল এর পরবর্তী যে ইন্টারভিউ হবে সেখানে ২০১৪ , ২০১৭ এবং ২০২২ মিলিয়ে মোট ১ লক্ষ ৮০ প্রার্থী আবেদন করবেন ।

এই বিপুল সংখ্যক প্রার্থীদের ইন্টারভিউ নিতে গেলে প্রচুর সময় লেগে যাবে । আর এখানেই সুপার টেটের কথা উঠে আসছে । যার মাধ্যমে এই বিপুল সংখ্যক প্রার্থীকে ছাঁটাই করে কম করা হবে । যদিও সুপার টেট সংক্রান্ত কোন বিজ্ঞপ্তি এখনও পর্ষদ প্রকাশ করে নি ।

সুপার টেট সিলেবাস ( Super TET Exam Syllabus )

আশা করি সুপার টেট কি এই বিষয়টি সকলেই বুঝে গেছেন । যেহেতু আমাদের রাজ্যে এই পরীক্ষা হয়না তাই এর কোন সিলেবাস আপনি পাবেন না । কিন্তু আমি আগেই বলেছি আমাদের রাজ্যে না হলেও অন্যান্য অনেক রাজ্যে এই সুপার টেট হয়ে থাকে । এখানে উত্তর প্রদেশের কথা উল্লেখ করা যেতে পারে ।

নীচে উত্তরপ্রদেশের যে সুপার টেটের যে সিলেবাস রয়েছে তা উল্লেখ করা হল । তবে মনে রাখতে হবে এটি উত্তর প্রদেশের সিলেবাস । আমাদের রাজ্যে যদি আগামীতে সুপার টেট হয় সেক্ষেত্রে এই সিলেবাসের মূল ধাঁচ একই থাকলেও বেশ কিছু বিষয়ে পরিবর্তন করা হবে সেবিষয়ে বলার অপেক্ষা রাখে না ।

উত্তরপ্রদেশ সুপার টেট ( UP Super TET 2023 ) মূলত ১৫০ নম্বরের হয়ে থাকে । যেখানে ভাষা , বিজ্ঞান , অংক , পরিবেশ , প্রযুক্তি , শিশু মনস্তত্ব , শিক্ষণ পদ্ধতি , জেনারেল নলেজ , যৌক্তিক জ্ঞান প্রভৃতি ক্ষেত্র থেকে প্রশ্ন এসে থাকে । নিচে প্রত্যেকটি ক্ষেত্রের সংক্ষিপ্ত সিলেবাস এবং কোন ক্ষেত্রে কত নম্বর থাকে তা ছকের সাহায্যে উল্লেখ করা হল ।

| **Subject** | **Syllabus** | **Marks** |
|---|---|---|
| Languages | Grammar and comprehensions (English/Hindi/Urdu) | 40 |
| Science | State of matter, speed force, energy, distance light, sound, daily life include science, the human body, creatures, health, environmental and natural resources | 10 |
| Math | Mathematical action, differentiation, decimal, simple/compound interest, general geometry, profit–loss, factoring, general algebra, numerical ability, volume, ratio, percentage, and statistics | 20 |
| Environment & Social Study | Earth's structure, traffic and road safety, solar system, general geography, Indian constitution, Current Indian economy, and challenges | 10 |
| Teaching Methodology | Methods of teaching and skills, principles of learning, evolution, and measurement, | 10 |
| Child Psychology | Factors that influence child development, identification of child learning, variation, making learning easy, the practical utility of learning skills | |
| General Knowledge & Current Affairs | current affairs and events, national, international events, art, and culture. | 30 |
| Logical Knowledge | Symbols and notations, critical reasoning, cube number series, puzzles, series, data interpretations, direction sense test, binary logic, classification, blocks, and calendars, coding/decoding. | 05 |
| Information Techonology | Technical computers, internet, useful application in teaching, art teaching and school management. | 05 |

| | | |
|---|---|---|
| Life Skill / Management and Aptitude | Constitutional and original origin, the role of education, motivation, penal, professional conduct and policy, | 10 |
| Total | | 150 Marks |

সুপার টেট সংক্রান্ত বিতর্ক ( Debate on WB Super TET 2023 ) –

যারা সুপার টেটের বিরোধিতা করছেন তাদের মূলত তিনটি যুক্তি । যথা –

১. চাকরি প্রার্থীদের একাংশের মতামত প্রকাশিত বিজ্ঞপ্তিতে টেট এর পরে সুপার টেট নেওয়া হবে এই সংক্রান্ত কোন কথার উল্লেখ নেই । তাই এখন যদি সুপার টেট নেওয়া হয় তাহলে তা আইনগত সমস্যা হবে ।

২. এছাড়াও সুপ্রিমকোর্টে ডিএলএড বনাম বিএড মামলা বিচারাধীন রয়েছে। খুব শীঘ্রই সেই মামলার রায় আসতে চলেছে। যার উপর নিয়োগ প্রক্রিয়া অনেকটাই নির্ভর করবে বলে অভিমত চাকরিপ্রার্থীদের।

৩. আবার অনেকে বলছেন এর আগেও ২০১৪ সালেও প্রায় ১ লক্ষ ৩০ হাজার প্রার্থীর ইন্টারভিউ নেওয়া হয়েছিল । তখন যদি সমস্যা না হয়ে থাকে , তাহলে এখন হচ্ছে কেন ?

উপসংহার ( Conclusion )

এখন লাখ টাকার প্রশ্ন হল সুপার টেট কি আমাদের রাজ্যে হবে ? না এর কোন সঠিক উত্তর এখনই দেওয়া যাচ্ছে না । এই বিষয়ে আমাদের পর্ষদের নোটিফিকেশন পাওয়া পর্যন্ত অপেক্ষা করতেই হবে । কিন্তু একটি পরামর্শ দেওয়া যেতেই পারে , সুপার টেট হোক বা না হোক এই সংক্রান্ত তথ্য জেনে রাখলে অসুবিধার কিছু নেই ।

আমাদের প্রাইমারি টেট সংক্রান্ত বেশ কয়েকটি হোয়াটস অ্যাপ গ্রুপ রয়েছে । আপনি চাইলে এই গ্রুপে জয়েন করতে পারেন । আমাদের Whatsapp গ্রুপে জয়েন করার জন্য নিচের লিংকে ক্লিক করুন ।


| | |
|---|---|
| **আমাদের Whatsapp গ্রুপ** | ***Join Now*** |
| **আমাদের Telegram গ্রুপ** | ***Join Now*** |

# প্রাইমারী টেট 2023

## অনলাইন কোচিং

( এবার বাড়িতে বসেই প্রস্তুতি নিন )

## আমাদের বিশেষত্ব :

1. সপ্তাহে 5 দিন লাইভ ক্লাস ।
2. প্রতিটি বিষয়ে বিশেষজ্ঞ শিক্ষক দ্বারা ক্লাস ।
3. সিলেবাসভিত্তিক পঠনপাঠন ।
4. প্রতিটি লাইভ ক্লাসের রেকর্ডেড ভিডিও ।
5. বিষয়ভিত্তিক স্টাডি মেটিরিয়েল ।
6. নিয়মিত বিষয়ভিত্তিক মকটেস্ট ।
7. মাসে একদিন 150 নম্বরের মক পরীক্ষা ।
8. Whatsapp গ্রুপে 24/7 সহযোগিতা ।

**যোগাযোগ - 7551067843**